

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৪০

৭/ যাকাত (اكتاب الزكاة عن رسول الله الله الزكاة عن رسول الله المنابعة المن

পরিচ্ছেদঃ (যাকাতের জন্য) ফসলাদির অনুমান করা।

باب ما جاء في الْخُرْصِ

## আরবী

حَدَّقَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّقَنَا أَبُو دَاوُدَ الطَّيَالِسِيُّ، أَخْبرَنَا شُعْبَةُ، أَخْبَرَنِي خُبيْبُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ، قَالَ سَمِعْتُ عَبْدَ الرَّحْمَنِ بْنَ مَسْعُودِ بْنِ نِيَارٍ، يَقُولُ جَاءَ سَهْلُ بْنُ أَبِي حَثْمَةُ إِلَى مَجْلِسِنَا فَحَدَّتَ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ يَقُولُ " إِذَا خَرَصْتُمْ فَخُذُوا وَدَعُوا التُّلُثَ فَإِنْ لَمْ تَدَعُوا التُّلُثَ فَدَعُوا الرَّبُعَ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلَيْشَةَ وَعَتَّابِ بْنِ أَسِيد وَابْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى وَالْعَمَلُ عَلَى حَديث سَهْلُ بْنِ أَبِي حَثْمَةَ يَقُولُ أَحْمَدُ وَالشَّافِقِي أَلْكُلُم مِنَ التَّمْرُ مِنَ الرُّطَبِ وَالْعِنَبِ مِمَّا فِيهِ الرَّكَاةُ بَعَثَ وَإِسْحَاقُ . وَالْخَرْصُ عَلَيْهِمْ . وَالْخَرْصُ وَبِحَديثِ سَهْلِ بْنِ أَبِي حَثْمَةَ يَقُولُ أَحْمَدُ السِّلْطَانُ خَارِصًا يَخْرُصُ عَلَيْهِمْ . وَالْخَرْصُ أَنْ يَنْظُرَ مَنْ يُبْصِرُ ذَلِكَ فَيَقُولُ يَحْرُخُ مِنْ السُّلْطَانُ خَارِصًا يَخْرُصُ عَلَيْهِمْ . وَالْخَرْصُ أَنْ يَنْظُرُ مَنْ يُبْصِرُ ذَلِكَ فَيَقُولُ يَحْرُخُ مِنْ السُّلْطَانُ خَارِصًا يَخْرُصُ عَلَيْهِمْ وَيَنْظُرُ مَنْ يُبْعِمْ وَيَنْظُرُ مَنْ يُبْعِمْ وَيَنْظُرُ مَنْ يُبْعِمْ وَيَنْظُرُ مَنْ يُبْعِمْ وَيَنْظُرُ مَنْ يُجْمِلُ مَنْ يَلْعُمْ وَيَهْذَا مَنْ التِّمَارُ فَيَصْنَعُونَ مَا أَحَبُوا فَإِذَا أَدْرَكَتِ التِّمَارُ فَيَصْنَعُونَ مَا أَحْبُوا فَإِذَا أَدُركَتِ التِّمَارُ فَيَصْنَعُونَ مَا أَحَبُوا فَإِذَا أَدْرَكَتِ التِّمَارُ فَيَاسَافُوعِيُّ وَأَحْمَدُ أَخِذَ مِنْهُمُ الْعُشْرُ . هَكَذَا فَسَّرَهُ بَعْضُ أَهْلِ الْعِلْمِ وَبِهَذَا يَقُولُ مَالِكٌ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَلَكُ مَلْكُولُ مَلْكُ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ الْمَشْرُ . هَكَذَا فَسَرَهُ بَعْضُ أَهْلِ الْعِلْمِ وَبِهَذَا يَقُولُ مَالِكٌ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَلَوسَا فَي وَلَا مَالِكٌ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَالْمَالِكُ وَالْشَافِعِيُّ وَأَحْمَدُ وَالْمَالِكُ وَالْشَافِعِيُّ وَالْمَالُولُ الْمُولُولُ الْمَعْمُ وَلَا مُنْ الْمُ الْعَلْمُ وَالْمَالِكُ وَالْشَافِعِيُ وَالْمَالِكُ وَالْمَالِكُ وَالْمَالِكُ وَالْمَالِكُ وَالْمَالِلُ وَلَالْمَالِكُ وَالْمَالِكُ وَالْمَالِعُ الْمُعْ

## বাংলা

৬৪০. মাহমুদ ইবনু গায়লান (রহঃ) ..... আব্দুর রহমান ইবনু মাসউদ ইবনু নিয়ার (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, সাহল ইবনু আবূ হাসমা (রাঃ) একবার আমাদের বৈঠকে আসেন এবং হাদিস বর্ণনা করলেন যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতেনঃ তোমরা (যাকাত আদায়কারী) যদি ফসলাদির অনুমান কর তবে সে মতে (যাকাত) গ্রহণ করবে এবং (যাকাত পরিমাণ থেকেও) এক তৃতীয়াংশ পরিমাণ (যাকাত দাতার জন্য) ছেড়ে দিবে। যদি এক তৃতীয়াংশ না ছাড় তবে এক চতুর্থাংশ ছেড়ে দিবে। - যইফ আবু দাউদ ২৮১, তিরমিজী হাদিস নম্বরঃ ৬৪৩ [আল মাদানী প্রকাশনী]



এই বিষয়ে আয়িশা, আততাব ইবনু আসীদ এবং ইবনু আব্বাস (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, ফসলাদির অনুমানের ব্যাপারে সাহল ইবনু আবৃ হাসমা (রাঃ)-এর হাদিস অনুসারে অধিকাংশ ইমাম আমল করা অভিমত দিয়েছেন। ইমাম ইসহাক ও আ□হমাদ (রহঃ)-এর বক্তব্যও এ-ই। খারস বা অনুমান হয়়, কাঁচা খেজুর ও আঙ্গুর ইত্যাদি যে সমস্ত ফলে যাকাত ধার্য হয়়, তা যখন পরিপক্ক হয়ে উঠে, তখন প্রশাসনের পক্ষ থেকে একজন অনুমানকারী প্রেরণ করা হবে এবং তিনি কৃষকের ফসলাদির অনুমান করবেন। একজন বিশেষজ্ঞ বাগানের প্রতি বিশ্লেষণধর্মী দৃষ্টি নিক্ষেপ করবেন এবং বললেন, এ থেকে এত পরিমাণ কিসমিস বা এত পরিমাণ খেজুর উৎপাদিত হতে পারে। তখন একটা পরিমাণ ধার্য করা হবে তারপর এর মধ্যে উশর এর পরিমাণ কি হতে পারে তৎপ্রতি লক্ষ্য করে মালিকদের উপর নির্ধারণ করে দেওয়া হবে। তারপর ফল ও বাগানের মালিকদেরকে ছেড়ে দেওয়া হবে এবং তারা এতে যা ইচ্ছা করবে তা করতে পারবে। পরে ফল যখন পেকে যাবে তখন তা থেকে ঐ হিসাব উশর সংগ্রহ করা হবে। এ ভাবেই কোন কোন আলিম 'খারস'-এর ব্যাখ্যা প্রদান করেছেন। ইমাম মালিক, শাফিঈ, আহমাদ ও ইসহাক (রহঃ) এর বক্তব্য এ-ই

## **English**

Abdur-Rahman bin Mas'ud bin Niyar said:

"Sahl bin Abi Hathmah came to a gathering of ours, and he narrated that the Messenger of Allah would say: "When you make an assessment, then take it and leave a third, if you do not leave a third, then leave a quarter."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন